

রাজশাহী বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ১৪/২০২৩

তারিখ: ২৫-০৯-২০২৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : সহকারী অধ্যাপক/প্রভাষক = ০১ (এক)টি স্থায়ী পদ।
প্রভাষক = ০১ (এক)টি স্থায়ী পদ।

বেতনক্রম : সহকারী অধ্যাপক পদে টা: ৩৫,৫০০ – ৬৭,০১০/-
প্রভাষক পদে টা: ২২,০০০ – ৫৩,০৬০/-

প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী।

উপর্যুক্ত প্রতিটি পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ru.ac.bd) পাওয়া যাবে। অনলাইন পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৯ সেট দরখাস্ত ১৯-১০-২০২৩ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ/-

(প্রফেসর মো. আবদুস সালাম)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়

শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

- ক) মনোবিজ্ঞান বিভাগে আবেদনকারী প্রার্থীর মনোবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
- খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
- গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- ঘ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- ঙ) স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

শিক্ষাগত যোগ্যতা (সহকারী অধ্যাপক পদের জন্য)

- ক) মনোবিজ্ঞান বিভাগে আবেদনকারী প্রার্থীর মনোবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
- খ) সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচ.ডি. ডিগ্রী থাকতে হবে।
- গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
- ঘ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- ঙ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- চ) প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অথবা স্বীকৃত বিষয় সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচ.ডি. পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।
- ছ) স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা হতে হবে।

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়